

পর্যটকদের জন্য বন্ধ আইফেল টাওয়ার

- A Monitor Desk Report

Date: 03 July, 2025



ঢাকাঃ প্রচণ্ড গরমের কারণে পর্যটকদের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে ফ্রান্সের আইফেল টাওয়ার।

পুরো ইউরোপ জুড়ে এখন দাবদাহ বইছে, এর জের ধরে প্যারিসে আইফেল টাওয়ার বন্ধ করে দেয়া হয়েছে।

দেশটির ১৬টি অঞ্চলে দাবদাহের সতর্কতা জারি করেছে সেখানকার আবহাওয়া বিভাগ। ওদিকে দেশটির শিক্ষা মন্ত্রণালয় ১ হাজার ৩৫০টি স্কুল আংশিক বা পুরোপুরি বন্ধ ঘোষণা করেছে।

ফ্রান্স, ইতালি, স্পেন, জার্মানি, পর্তুগাল, গ্রিসসহ আরও কয়েকটি দেশেও জারি করা হয়েছে সর্বোচ্চ মাত্রার তাপ সতর্কতা।

ফ্রান্সসহ ইউরোপের দক্ষিণ ও পূর্বাঞ্চলের বিভিন্ন তাপমাত্রা বৃদ্ধির কারণে ফ্রান্সজুড়ে বড় আকারে সতর্কতা জারি করা হয়েছে।

জার্মানির আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, মঙ্গলবার ও বুধবার তাপমাত্রা ৩৮ ডিগ্রির কাছাকাছি পৌঁছাতে পারে। এটি আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

তীব্র তাপপ্রবাহের কারণে জার্মানির রাইন নদীর পানি কমে গেছে। নদীর পানি কমে যাওয়ায় গুরুত্বপূর্ণ এই নৌরুটে পণ্যবাহী জাহাজে মালামাল পরিবহন কঠিন হয়ে পড়েছে। জাহাজগুলোকে কম পণ্য নিয়ে চলাচল করতে হচ্ছে, যে কারণে পরিবহন খরচও বেড়ে গেছে।

বলকান অঞ্চলের দেশগুলোও তীব্র গরমে ভুগছে। যদিও কিছু কিছু এলাকার তাপমাত্রা একটু একটু করে কমতে শুরু করেছে।

